৬৮

আজকের কাগজ

তারিখ 20 FEB 1993
পৃষ্ঠা 8 কলাম ১

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয় নিয়ে খোলা কথা

বগুড়ায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শাখা স্থাপন হতে চলেছে জেনে আমরা এলাকাবাসী বর্তমান সরকারকে অভিনন্দন জানাচ্ছি। কেননা এলাকার প্রাণকেন্দ্র বলে পরিচিত এই জেলা থেকে এর সুযোগ সকলের কাছেই সহজ হবে। তাছাড়া এই শহরে টিভি কেন্দ্র স্থাপিত হলে বিষয়টি সব দিক দিয়েই উন্নত হবে। কিন্তু এই কেন্দ্রের স্থান নির্বাচন এবং বর্তমান আঞ্চলিক প্রধান যাকে নিয়োগ করা হয়েছে তা নিয়ে এলাকাবাসীর মধ্যে দারুণ ক্ষোভ সৃষ্টি হয়েছে। সরকারি আজিজুল হক বিশ্ববিদ্যালয় কলেজের পাশে প্রচুর জায়গা থাকা সত্ত্বেও নটামসের পাশে একটি সংকীর্ণ জায়গা নেবার বিষয়টি প্রশ্নের সৃষ্টি করেছে। এ বিষয়ে স্থানীয় প্রশাসনিক জটিলতাই মনে হয় দায়ী। এই জাতীয় প্রতিষ্ঠানের জন্যে আজিজুল হক কলেজের এলাকাই সকলের কাছে গ্রহণযোগ্য। কেননা নটামসের স্থানের মূল্য ধার্য এবং পরিশোধ নিয়ে অনেক ঘাপলা আছে যার তদন্ত এলাকাবাসী আগাগোড়াই করে চলেছে। কাজেই মানুষের কাছে গ্রহণযোগ্য নয় এমন স্থান উচ্চ মূল্যে নেবার সুযোগ একজনকে দেয়া কেউই মানবে না। তাছাড়া নটামসের পরিচালককে কেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক প্রধান করা হলো তা নিয়ে এলাকাবাসীর মধ্যে তীব্র অসন্তোষ বিরাজ করছে। তার শিক্ষাগত মান নিয়ে বহু অভিযোগ আছে এবং তিনি যে ডিগ্রির দাবিদার তাও তার নেই বলে জানা গেছে। কাজেই এই জাতীয় বিতর্কিত এক ব্যক্তিকে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক প্রধান হিসেবে নিয়োগ উদ্দেশ্যমূলক তাতে কোনোই সন্দেহ নেই। একটা টাইপ স্কুলের আবিষ্কারক বলে পরিচিত লোকে একটা বিশ্ববিদ্যালয়ের প্রধান হিসেবে নিয়োগ কখনই গ্রহণযোগ্য নয়। তা ছাড়া নটামসের গবেষণা বন্ধই বা কেন? এখন এখানে বিভিন্ন বিষয়ের খেলাধুলা, ট্রেনিং, আলোচনা সভা হচ্ছে। অথচ মূল কাজ বন্ধ হয়ে গেছে। আবাসিক হোটেলও চালু হয়েছে। অথচ এসব কাজের জন্যে পল্লী উন্নয়ন একাডেমী যথেষ্ট। জনগণের কোটি কোটি টাকা খরচ করে এই জাতীয় হাস্যকর কাজ করার বিষয়টিরও তদন্ত হওয়া প্রয়োজন। আমরা চাই উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আজিজুল হক কলেজের কাছে হোক এবং একজন উপযুক্ত বিদ্বান লোককে এই বিশ্ববিদ্যালয়ের প্রধান করা হোক। এ বিষয়ে মাননীয়া প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী, ডিসি ও এমপিদের দৃষ্টি আকর্ষণ করছি।

*মোবারক আলী*
*শাকপাড়া*
*বগুড়া।*